



কারা সন্তান ও নির্ভরশীলের পরিচর্যা ক্রেডিট (Child and Dependent Care Credit) এর যোগ্য হতে পারেন

করবর্ষ 2018 ও তার পরে:

- ক্রেডিটের রাশি সেইসব করদাতার জন্য বাড়ানো হয়েছে যাদের নিউ ইয়র্কের সমন্বিত সর্বমোট আয় অন্ততঃ \$50,000 কিন্তু \$150,000 এর কম, এবং
- যে সকল করদাতার একজনের বেশি যোগ্য হওয়া ব্যক্তি রয়েছেন তাদের উপযুক্ত খরচের সীমা নিম্নরূপে বাড়ানো হয়েছে:
 - তিনজন যোগ্য হওয়া ব্যক্তির জন্য \$7,500
 - চারজন যোগ্য হওয়া ব্যক্তির জন্য \$8,500
 - পাঁচজন বা তার বেশি যোগ্য হওয়া ব্যক্তির জন্য \$9,000.

আপনি এই ক্রেডিট দাবি করতে পারেন, যদি আপনি:

- যুক্তরাষ্ট্রীয় সন্তান ও নির্ভরশীলের পরিচর্যা ক্রেডিট এর দাবি করার যোগ্য হন (আপনি যুক্তরাষ্ট্রীয় ক্রেডিট দাবি করেছেন কিনা)। এই ক্রেডিট দাবি করার অতিরিক্ত তথ্যের জন্য, Form IT-216 (ফর্ম IT-216), *Claim for Child and Dependent Care Credit (সন্তান ও নির্ভরশীলের পরিচর্যা ক্রেডিট এর দাবি)*, এবং তার নির্দেশিকা দেখুন (কেবল ইংরেজিতেই উপলব্ধ)।

এই ক্রেডিটের রাশি কত?

এই ক্রেডিট যুক্তরাষ্ট্রীয় ক্রেডিটের 20% অথবা এটি আপনার যুক্তরাষ্ট্রীয় ক্রেডিটকে ছাড়িয়েও যেতে পারে, যা নির্ভর করবে আপনার নিউ ইয়র্ক স্টেটের সমন্বিত সর্বমোট আয়ের রাশি, যোগ্য হওয়া ব্যক্তির সংখ্যা ও প্রদত্ত উপযুক্ত খরচের রাশির উপর।

বেকর্ড রাখার প্রয়োজনীয়তাগুলি

আমরা আপনার করের বিবরণী পর্যালোচনা করার পর আমরা আপনাকে নিজের ক্রেডিটের অধিকার প্রমাণ করতে বলতে পারি। সেক্ষেত্রে, আপনাকে আমাদের কাছে নিম্নলিখিত তথ্য পাঠাতে হবে:

- বাতিল করা চেক বা মানি অর্ডার, এবং



- অর্থপ্রদানের সময় প্রাপ্ত নগদের রসিদ, যা কর বিভাগের (Tax Department) দ্বারা যাচাই করা যাবে।

রেকর্ড রাখার প্রয়োজনীয়তাগুলির সম্পর্কে আরও জানতে, Form *DTF-216* (ফর্ম *DTF-216*), *Recordkeeping Suggestions for Child Care Expenses* (সন্তানের পরিচর্যার রেকর্ড রাখার প্রস্তাবগুলি) (কেবল ইংরেজিতেই উপলব্ধ)।

এই ক্রেডিটের আবেদন করতে অথবা আরও জানতে, Form *IT-216* (ফর্ম *IT-216*), *Claim for Child and Dependent Care Credit* (সন্তান ও নির্ভরশীলের পরিচর্যা ক্রেডিট এর দাবি), এবং এর নির্দেশিকা দেখুন (কেবল ইংরেজিতেই উপলব্ধ)।

যুক্তরাষ্ট্রীয় ক্রেডিটের যোগ্য হওয়ার আরও তথ্যের জন্য, যুক্তরাষ্ট্রীয় IRS Publication 503 (আন্তর্জাতিক রাজস্ব পরিষেবা প্রকাশনা 503), *Child and Dependent Care Expenses* (সন্তান ও নির্ভরশীলের পরিচর্যার খরচ দেখুন)।

দ্রষ্টব্য: আপনি পুরো-বছরের বাসিন্দা হলে এই ক্রেডিট আপনার বাকি থাকা করের রাশির চেয়ে বেশি হয়ে গেলে অবশিষ্ট অংশ আপনাকে ফেরত দিয়ে দেওয়া হবে।